আলমডাঙ্গায় ২৮০ পিস ইয়াবাসহ মাদক বিক্রেতা সোহেল গ্রেফতার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় মাদকবিরোধী অভিযানে ২৮০ পিস ইয়াবা ট্যাবলেট ও মাদক বিক্রির নগদ ৬০০ টাকা উদ্ধার করেছে পুলিশ। এ সময় সোহেল রানা (৪১) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। পুলিশের ভাষ্য অনুযায়ী, তিনি এলাকায় মাদক বিক্রির সঙ্গে জড়িত এবং তার বিরুদ্ধে মাদক ব্যবসার অভিযোগ রয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা পৌনে ৮টার দিকে আলমডাঙ্গা পৌরসভার রাধিকাগঞ্জ পৌর পশুহাট সংলগ্ন এলাকায় এ অভিযান চালানো হয়। গ্রেফতার সোহেল রানা রাধিকাগঞ্জ গ্রামের বারেক আলীর ছেলে।

পুলিশ জানায়, আলমডাঙ্গা থানার (এসআই) মো. আলমগীর কবীরের নেতৃত্বে সঙ্গীয় পুলিশ সদস্যরা গোপন খবরের ভিত্তিতে রফিকুল ইসলামের বাড়ির সামনে সড়কে অভিযান চালান। এ সময় সোহেল রানাকে আটক করে তার কাছ থেকে ২৮০ পিস ইয়াবা ও মাদক বিক্রির নগদ ৬০০ টাকা উদ্ধার করা হয়।

পুলিশের দাবি, উদ্ধার হওয়া ইয়াবার পরিমাণ ও মামলার অন্যান্য তথ্যের ভিত্তিতে সোহেল রানার মাদক ব্যবসার সংশ্লিষ্টতা খতিয়ে দেখা হচ্ছে। এ ঘটনায় তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

মামলায় নাম থাকা আরও আট আসামি পলাতক রয়েছেন। পাশাপাশি অজ্ঞাতনামা আরও ১০ থেকে ১২ জনের সম্পৃক্ততার কথা উল্লেখ করা হয়েছে। মাদক ব্যবসার সঙ্গে জড়িতদের পাশাপাশি পৃষ্ঠপোষক, মদদদাতা ও সহযোগীদেরও শনাক্ত করে আইনের আওতায় আনার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল বলেন, মাদকের বিরুদ্ধে পুলিশের অবস্থান কঠোর। ইয়াবাসহ গ্রেফতার সোহেল রানার বিরুদ্ধে মামলা করা হয়েছে। তার সঙ্গে মাদক ব্যবসায় জড়িত অন্যদেরও শনাক্ত করা হচ্ছে। কোনো মাদক ব্যবসায়ী বা তার পৃষ্ঠপোষককে ছাড় দেওয়া হবে না।